যায়যায়দিন

তারিখ ... 12 JAN 2013 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

আজ জাবির ৪২তম জন্মদিন

জাবি প্রতিনিধি

আজ ৪২ বছরে পা রাখছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। ১৯৭১ সালের ১২ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে দেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয়টি। নানা চড়াই-উৎরাই পেরিয়ে দেশের অন্যতম একটি শীর্ষস্থানীয় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ইতোমধ্যে স্বকীয় অবস্থান তৈরি করে নিয়েছে জাবি। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় দিবসকে স্মরণীয় করে রাখতে উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের নেতৃত্বে ক্যাম্পাসে ব্যাপকভাবে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়েছে। ফলে নতুন সাজে সেজেছে ক্যাম্পাস। তবে সারা বছর এ ধরনের সচেতনতা বজায় রাখতে পুরো বিশ্ববিদ্যালয় পরিবারকে যত্নবান হওয়ার আহ্বান জানিয়েছেন উপাচার্য।



জানা গেছে, বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে নানা কর্মসূচি হাতে নেয়া হয়েছে। বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা, স্মৃতিচারণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনব্যাপী বিশ্ববিদ্যালয় দিবস পালিত হবে। এ অনুষ্ঠানে বর্তমান ও প্রাক্তন শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্মসূচির মধ্যে রয়েছে সকাল সাড়ে নয়টায় বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে সমাবেশ, ১০টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং বিশ্ববিদ্যালয় দিবস ২০১৩ এর শুভ উদ্বোধন ঘোষণা।

সকাল সোয়া ১০টায় প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, জাবি স্কুল ও কলেজের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও অতিথিদের অংশগ্রহণে র‍্যালি। র‍্যালিটি বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর থেকে শুরু হয়ে সেলিম আল দীন মুক্তমঞ্চে গিয়ে শেষ হবে। সেলিম আল দীন মুক্তমঞ্চে বেলা এগারোটায় অনুষ্ঠিত হবে আলোচনা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান এবং তিনটায় অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও সাবেক ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাঁদের পরিবার পরিজনকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। সাবেক ছাত্রছাত্রীদের পরিদর্শনের সুবিধার্থে বিশ্ববিদ্যালয় দিবসে সকল হল অফিস এবং বিভাগ সারাদিন খোলা রাখা হবে। বিশ্ববিদ্যালয় দিবসে সাবেক ছাত্রছাত্রী এবং অতিথিদের অংশগ্রহণের সুবিধার্থে ওইদিন সকাল ৮টায় ২টি বাস ঢাকা থেকে ছেড়ে ক্যাম্পাসে আসবে।

এদিকে বিশ্ববিদ্যালয় দিবসকে সামনে রেখে উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেনের নেতৃত্বে বুধবার সকাল দশটায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান পরিচালিত হয়। বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বর থেকে এই অভিযান শুরু হয়। কর্তৃপক্ষ এ দিনটিকে পালন করছে 'পরিচ্ছন্নতা দিবস' হিসেবে।

পরিচ্ছন্নতা দিবসের উদ্বোধনকালে উপাচার্য বলেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে শুধু পরিবেশকে সুন্দর রাখা নয়, নিজের ক্লেদ দূর হয় এবং মনকেও সুন্দর রাখা যায়। পরিচ্ছন্ন অভিযানের ধারাবাহিকতা রক্ষা করে প্রতি বছরই বিশ্ববিদ্যালয় দিবসের আগে পরিচ্ছন্ন দিবস পালন করা হবে বলে তিনি জানান।